হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতিসহ ৩ নেতাকে অবৈধ বহিষ্কারের প্রতিবাদে সংবাদ সম্মেলন

গত শনিবার ২৩ শে জানুয়ারি বহিষ্কার করা হয়েছে হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দ্দার, যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম শরিফ ও হরিণাকুণ্ডু পৌরসভার বর্তমান মেয়র আওয়ামী লীগ নেতা শাহিনুর রহমান রিন্টকেু।

বহিষ্কারের কারণ হিসেবে জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ জানান, ৩য় ধাপে অনুষ্ঠিত হরিণাকুণ্ডু পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ থেকে পৌরসভার বর্তমান কাউন্সিলর ফারুক হোসেনকে মনোনীত করা হয়েছে।

কিন্তু ওই ৩ আওয়ামী লীগ নেতা বিভিন্ন সময় আওয়ামী লীগ মনোনীত নৌকা মার্কার মেয়র প্রার্থী ফারুক হোসেনের বিরুদ্ধে নির্বাচনী প্রচারণাসহ মানববন্ধন, উস্কানীমূলক বক্তব্য, উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে বসে নেতাকর্মীদের নৌকার বিরুদ্ধে কাজ করতে উৎসাহিত করে আসছে।

এ ঘটনায় মেয়র প্রার্থী ফারুক হোসেন আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির কাছে অভিযোগ করে। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন্দ্রের নির্দেশে ওই ৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

এই বহিষ্কার আদেশ অবৈধ সম্পূর্ণ অন্যায় এবং সংগঠনের গঠনতন্ত্রের পরিপন্থী দাবী করে গতকাল রবিবার শিতলী গ্রামে মশিউর রহমান জোয়ার্দ্দারের বাড়ীতে ১২টার দিকে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে এই দাবী করে সদ্য বহিষ্কার কৃত আওয়ামী লীগ নেতা।

এই সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলো হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকসহ আওয়ামী লীগের অন্যান্য নেতৃবৃন্দ।

তিনি বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের ৪৭ ধারার ১০ উপ-ধারায় উল্লেখ আছে কাউকে বহিষ্কার করতে হলে জেলা কমিটির সাধারণ সভায় ২/৩

সদস্যের মতামাতের ভিত্তিতে কেন্দ্রীয় কমিটিতে সুপারিশ পাঠাতে হবে। তারপর কেন্দ্রীয় কমিটি তদন্তের মাধ্যমে প্রমাণিত হলে তখন চুড়ান্ত বহিষ্কার করবে। তার আগে এই আদেশ কোন গণ মাধ্যমে দেওয়ার সুযোগ নেই।

তিনি আরও বলেন যে, আমি গত ২৩ তারিখ রোজ শনিবার বেলা ৩ টায় ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি জনাব আব্দুল হাই এমপির সাথে নৌকা প্রতীকের ভোট প্রচারণা করছিলাম। প্রচারণা শেষে ঝিনাইদহ ফেরার পথে ফেসবুকের মাধ্যমে জানতে পারলাম যে, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ আমাকে যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম শরিফ ও হরিণাকুণ্ডু পৌরসভার বর্তমান মেয়র আওয়ামী লীগ নেতা শাহিনুর রহমান রিন্টু কে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

তিনি আরও জানান আসন্ন পৌরসভা নির্বাচনে দলীয় প্রার্থী ঘোষণা হওয়ার পর হরিণাকুণ্ডু পৌর আওয়ামী লীগের উদ্যোগে ২৮ সে ডিসেম্বর বেলা ১ টার দিকে একটি মানববন্ধন অনুষ্ঠিত হয়। উক্ত মানববন্ধনে আমিসহ আওয়ামী লীগের সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিল। উক্ত মানববন্ধনে আমি জননেত্রী শেখ হাসিনার সিদ্ধান্ত চূড়ান্ত সিদ্ধান্ত মেনে নিয়েই বিষয়টি পুনঃ বিবেচনার অনুরোধ জানাই।

কিন্তু সিদ্ধান্ত পরিবর্তন না করায় আমারা বর্তমান মেয়র প্রার্থীর পক্ষে অবস্থান গ্রহণ করি এবং ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের নির্দেশ মোতাবেক গত ৭/০১/২০২১ তারিখে হরিণকুণ্ডু উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা ও পৌর আওয়ামী লীগের উদ্যোগে বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিল জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, তাহজীব আলম সিদ্দিকি এম পি, খালেদা খানম এমপি এবং জেলা পরিষদ চেয়ারম্যান কনক কান্তি দাস।

উক্ত সভায় আমি সভাপতিত্ব করি এবং সাধারণ সম্পাদক জনাব রবিউল ইসলাম পরিচালনা করেন। ১১/০১/২০২১ তারিখ থেকে পৌর নির্বাচনের আনুষ্ঠানিক প্রচারণা শুরু হয়, প্রচারণা শুরু হবার পর থেকেই প্রতিনিয়ন পৌর সভার সকল ওয়ার্ডে নির্বাচনী প্রচারণা চালিয়ে যাচ্ছিলাম এই সময়ে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক চক্রান্ত করে অন্যায় ভাবে আমাকে সাময়িক বহিষ্কার করে। সাংবাদিক ভাইদের মাধ্যমে জননেত্রী শেখ হাসিনার নিকট সুবিচার প্রার্থনা করছি।

হরিণাকুণ্ডুতে নির্বাচনী আচরণবিধি ও আইন শৃঙ্খলা বিষয়ক সভা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভা নির্বাচনে নির্বাচনী আচরণবিধি ও আইন শৃঙ্খলা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকালে উপজেলা পরিষদের অডিটোরিয়ামে এসভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভায় সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য দেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম। জেলা নির্বাচন অফিসার রোকনুজ্জামান।

এ সময় উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার শৈলকুপা সার্কেল আরিফুল ইসলাম, হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা।

আরও বক্তব্য দেন পৌরসভা নির্বাচনের মেয়র প্রার্থী বিএনপি’র জিন্নাতুল হক, আওয়ামী লীগের ফারুক হোসেন, ইসলামী আন্দোলনের নাসির উদ্দিন ও স্বতন্ত্র প্রার্থী সাইফুল ইসলাম টিপু মল্লিক।

এছাড়াও সাংবাদিক শাহানুর আলম, জাফিরুল ইসলামসহ প্রতিদ্বন্দ্বী সাধারণ ও সংরক্ষিত কাউন্সিলর প্রার্থীগণ।

এ সময় প্রধান ও বিশেষ অতিথি হরিণাকুণ্ডু পৌরসভা নির্বাচন অবাধ, নিরাপেক্ষ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ হবে বলে প্রার্থীদের বলেন।

কোটচাঁদপুরে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করলেন ঝিনাইদহ সমিতি যুক্তরাজ্য। গতকাল রবিবার কোটচাঁদপুরের সলেমানপুরে এ কম্বল দেয়া হয়।

জানা যায়, ঝিনাইদহ সমিতি যুক্তরাজ্য প্রতি বছরের মত এ বছরও শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেছেন। গতকাল রবিবার কোটচাঁদপুর সলেমাপুর ওসির মুন্সির প্রাথমিক বিদ্যালয় মাঠে থেকে দরিদ্র, অহায় মানুষের হাতে এ কম্বল তুলে দেন সমিতি সম্বনয়কারী কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের শারীরিক শিক্ষক মোমতাজুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন, ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী মোতালেব মল্লিক, সমাজ সেবক সাইফুর রহমান, হাফিজুর রহমান, মফিজুর রহমান, সাংবাদিক সুব্রত সরকার ও মঈন উদ্দিন খান।

এ সময় তারা ৫০ জন শীতার্ত অসহায় ও দুস্থ মানুষের হাতে কম্বল তুলে দেন।

কর্মজীবনের শেষ বিদায় নিয়ে ফেরার পথে পৃথিবী থেকেও বিদায় নিলেন শিক্ষক সদর উদ্দীন

গতকাল রবিবার ছিল কলেজ শিক্ষক সদর উদ্দিন (৬০) এর কর্মজীবনের শেষ দিন। কর্মস্থল থেকে সহকর্মীদের দেওয়া বিদায় অনুষ্ঠান শেষ করে বিকালে মটর সাইকেলযোগে বাড়ি ফিরছিলেন। তিনি গাজীর বাজার-কালীগঞ্জ সড়কের মস্তবাপুর মাঠের মধ্যে পৌঁছলে সাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের গভীর নলকুপের পাকা সেচনালায় আঘাত করে। এ সময় তিনি মারাত্মক আহত হলে মাঠের কৃষকেরা তাকে উদ্ধার করে কালীগঞ্জ হাসপাতালে ভর্তি করেন।

পরে বিকাল সাড়ে ৩ টায় তিনি মারা যান। নিহত সদর উদ্দীনের বাড়ি ঝিনাইদহের নারিকেল বাড়িয়ার টিকারী গ্রামে। বর্তমানে তিনি ঝিনাইদহ শহরের কালিকাপুর বটতলায় পাশে বাড়ি করে বসবাস করেন। কর্মজীবনের শেষ দিনের সহকর্মীদের বিদায় নিয়ে আমাকে একা ফেলে পৃথিবী থেকেও চিরবিদায় নিয়ে চলে গেলেন। এমন আহাজারীতে হাসপাতালের বাতাস ভারী করছেন নিহতের স্ত্রী তওফিকা বেগম।

নিহতের ভাই মশিউর রহমান জানান, বাঘার পাড়া কলেজের ইসলামের ইতিহাস বিষয়ের শিক্ষক ছিলেন। তিনি। জীবনে দুইবার স্ট্রোক করেছেন। তার স্ত্রী তওফিকা বেগম একজন স্বাস্থ্যকর্মী। আর একমাত্র কন্যা সোনিয়া খাতুন আমেরিকা প্রবাসী।

কালীগঞ্জ থানার ওসি তদন্ত মতলেবুর রহমান ওই শিক্ষকের সড়কে দুর্ঘটনায় মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

ঝিনাইদহের হাটগোপালপুরে আ.লীগের জনসভা

ঝিনাইদহে আওয়ামী লীগের জনসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সদর উপজেলার পদ্মাকর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে হাটগোপালপুর বাজারে এ জনসভা অনুষ্ঠিত হয়।

পদ্মাকর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান বিকাশ বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশীদ, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন।

এ সময় হরিশংকরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান খন্দকার ফারুকুজ্জামান ফরিদ, দোগাছি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান

ফয়েজ উল্লাহ ফয়েজ, সুরাট ইউনিয়নের চেয়ারম্যান কবির হোসেন জোয়ার্দ্দার কেবি, কুমড়াবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান সামছুল ইসলাম, কালীচরণপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি বিপ্লব হোসেন, প্রভাষক জাকির হোসেন, আওয়ামী লীগ নেতা সৈয়দ মুনির হোসেন মুকুলসহ স্থানীয় আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান পরিচালনা করেন পদ্মাকর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য হাবিবুর রহমান জোয়ার্দ্দার। এ সময় প্রধান অতিথি বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ আরও এক ধাপ উন্নয়নের শিখরে পৌঁছাবে।

সকল ভেদাভেদ ভুলে তৃণমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে আওয়ামী লীগকে আরও শক্তিশালী করতে সকলের প্রতি আহবান জানান।

ঝিনাইদহে প্রায় দুই কোটি টাকার মাদকদ্রব্য নষ্ট করা হলো

ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা সীমান্ত দিয়ে বিভিন্ন সময় অবৈধভাবে চোরাচালানকালে উদ্ধার হওয়া বিপুল পরিমাণ মাদকদ্রব্য ধ্বংস করেছে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)।

গতকাল রোববার সকালে মহেশপুরের খালিশপুরে ৫৮ বর্ডারগার্ড ব্যাটালিয়নের সদর দপ্তরে এসব মাদকদ্রব্য ধ্বংস করা হয়।

এ সময় মাদক বিরোধী আলোচনা সভায় যশোর দক্ষিণ-পশ্চিম রিজিয়নের কমান্ডার জাকির হোসেন, কুষ্টিয়া সেক্টর কমান্ডার জিয়া সাদাত খান, ৫৮ বিজিবি অধিনায়ক লেঃ কর্নেল কামরুল আহসান, ঝিনাইদহ চুয়াডাঙ্গা জেলার নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ, পুলিশ প্রশাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ এবং

বিজিবি সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের মহেশপুর ব্যাটালিয়নের (৫৮ বিজিবি) সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম খান জানান, বিভিন্ন সময়ে উদ্ধার হওয়া প্রায় ৩২ হাজার বোতল ফেন্সিডিল, ১০৭ বোতল ভারতীয় ডায়ালেক্স ডিসি সিরাপ, ৪ হাজার বোতল ভারতীয় মদ, ১৫৬ কেজি গাঁজা এবং ১ হাজার ১৭ পিচ ইয়াবা ট্যাবলেটসহ বিপুল পরিমাণ মাদক ধ্বংস করা হয়।

যার আনুমানিক মূল্য প্রায় ১ কোটি ৮৮ লাখ টাকা।

শৈলকুপায় বিএজিএড পাশের জাল সনদে চাকরি করার অভিযোগ

শৈলকুপার নাগিরাট মাধ্যমিক বিদ্যালয়ে বিএজিএড জাল সনদে চাকরি করছে বাবুল হুসাইন নামের এক শিক্ষক বলে অভিযোগ উঠেছে।

এ ব্যাপারে ঝিনাইদহ কোটে একটি মামলা দায়ের করেছে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি খন্দোকার গোলাম আকবর হ্যাপি।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলা নাগিরাট মাধ্যমিক বিদ্যালয়ে উপজেলার মকরমপুর গ্রামের মাজেদ আলী বিশ্বাসের ছেলে বাবুল হুসাইন ২০০৫ সালের ৭ ফেব্রুয়ারি ইং তারিখে কৃষি শিক্ষক পদে যোগদান করে। যোগদানের সময় শিক্ষক বাবুল হোসেন তার সমস্ত পাশের আসল সনদ জমা না দিয়ে সে ফটোকপি জমা দিয়েছিল।

সে ২০০২ সালে এসএসসি ও ২০০৪ সালে জরিফ বিশ্বাস কলেজ থেকে বাণিজ্য বিভাগে এইচএসসি পাশ করে। তখন তার ৪র্থ বিষয় ছিল কম্পিউটার শিক্ষা।

এদিকে ২০০৪ সালে উক্ত কলেজে কৃষি শিক্ষা বিষয় চালু না থাকলেও বাবুল হুসাইন তার ৪র্থ বিষয় কম্পিউটার শিক্ষার স্থলে কৃষি শিক্ষা জাল করে স্থাপন করে। জাল সনদকে আসল সনদ হিসেবে জমা দিয়ে চাকরিতে যোগদান করে এবং একই সনদ দাখিল করে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধিনে যশোরের কাজী নজরুল ইসলাম ডিগ্রী কলেজে

বিএজিএড কোর্সে ভর্তি হয়ে ২০০৮ সালে পাশ করে।

খোঁজ নিয়ে জানা গেছে, ২০১৪ সালে জরিফ বিশ্বাস ডিগ্রী কলেজে কৃষি শিক্ষা বিষয় চালু হয়। এদিকে এইচএসসিতে কৃষি শিক্ষা বিষয় না থাকলে কোন শিক্ষার্থী বিএজিএড কোর্সে ভর্তি হতে পারবেনা বলে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে।

বর্তমানে বাবুল হুসাইন কৃষি শিক্ষক পদে কর্মরত থেকে সরকারী সমস্ত সুবিধা ভোগ করে চলছে।

এ ব্যাপারে স্থানীয় নায়েব আলী ও শামীম মুন্সী জানান, তার ৪র্থ বিষয় এইচএসসিতে কৃষি শিক্ষা ছিল না কিন্তু কোন ভাবে বাবুল হুসাইন কৃষি শিক্ষক পদে নিয়োগ পেল এটা আমাদের বোধগম্য নয়।

মামলার বাদী খন্দোকার গোলাম আকবর হ্যাপি জানান তার শিক্ষকতা সনদে জালিয়াতি করার কারণে আমি বাদী হয়ে গত বছরে ১৯ জুলাই ঝিনাইদহ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী শৈলকুপা আদালত ঝিনাইদহে মামলা দায়ের করেছি।

শিক্ষক বাবুল হুসাইনের সাথে মোবাইল ফোনে যোগযোগ করলে তাকে পাওয়া যায়নি।

প্রধান শিক্ষক মুকুল হোসেন জানান, আমি সবে মাত্র যোগদান করেছি, শুনেছি তার বিরুদ্ধে কোটে মামলা হয়েছে। তবে আমার কাছে কেউ কোন কাগজপত্র চায়নি।

কোটচাঁদপুরে পুলিশের চেক পোস্টে সন্দেহ ভাজন তিন যুবক আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে পুলিশের নিয়মিত চেক পোস্টে সন্দেহ ভাজন তিন যুবককে আটক করেন থানা পুলিশ। শনিবার বিকালে কোটচাঁদপুরের হ্যাচারী মোড় থেকে তাদেরকে আটক করা হয়।

কোটচাঁদপুর থানার এস আই মাসুদ জানান, পুলিশের নিয়মিত চেক পোস্টের অংশ হিসাবে শনিবার বিকালে হ্যাচারী মোড় এলাকায় চেক পোস্ট বসানো হয়।

এ সময় মোটর সাইকেল আরোহী সন্দেহ ভাজন তিন জনকে আটক করা হয়।

আটককৃতরা হলেন রাব্বি হাসান, সোহাগ হোসেন ও সোহেল রানা। যাদের প্রত্যেকের বাড়ি উপজেলার দয়ারামপুর গ্রামে। তাদের বিরুদ্ধে ১৫১ ধারায় থানায় মামলা হয়েছে। পুলিশ রবিবার সকালে তাদের আদালতে পাঠিয়েছেন।

কোটচাঁদপুরে কৃষক হত্যা মামলার আসামী রেজা আটক

ঝিনইদহের কোটচাঁদপুর বলুহর গ্রামের কৃষক বুদো হত্যা মামলার প্রধান আসামী রেজাকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ। রবিবার উপজেলার সাইনবোর্ড এলাকা থেকে তাকে আটক করা হয়।

গেল বছরের ১৯ নভেম্বর তুচ্ছ ঘটনায় প্রতি পক্ষের লাথির আঘাতে মারা যায় বদরুদ্দিন (বুদো)। ওই ঘটনায় ৫ জনের নাম উল্লেখ করে হর কোটচাঁদপুর থানায় মামলা করেন মৃতের ছেলে মনিরুল ইসলাম। এরপর থেকে এলাকা ছাড়েন আসামীরা। পুলিশ বিভিন্ন সময়ে অভিযান চালিয়ে ধরতে ব্যর্থ হয়।

রবিবার গোপন সংবাদ পেয়ে কোটচাঁদপুর থানা পুলিশ উপজেলার স্থানীয় সাইনবোর্ড এলাকায় অভিযান চালায় ।

এ সময় তাদের হাতে ধরা পড়েন বুদো হত্যা মামলার ২ নম্বর এজাহারভুক্ত আসমী রেজাউল ইসলাম (রেজা)। রেজা কোটচাঁদপুর উপজেলার বলুহর গ্রামের শওকত আলী ছেলে।

এ দিকে পুলিশ ওই মামলার একজনকে আটক করতে পারলেও বাকিরা রয়েছে ধরা ছোয়ার বাইরে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুব আলম বলেন, কৃষক বুদো হত্যা মামলার আসামী একজনকে আটক করা হয়েছে। বাকিদের ধরতে অভিযান অব্যহত রয়েছে।

বাসের ধাক্কায় প্রাণ হারালেন কোটচাঁদপুর পৌর শহরের সবুজ

নিজের বাড়িতে ফিরতে সড়কে বাসের ধাক্কায় প্রাণ হারালেন কোটচাঁদপুর পৌর শহরের সবুজ ইসলাম (৩২) নামের এক যুবক। গতকাল শনিবার রাত ৯ টার দিকে যশোরের খয়ের তলায় এ দুর্ঘটানা ঘটে।

জানা যায়, কোটচাঁদপুর পৌর শহরের বলুহর বাসস্ট্যান্ডের শহিদুল ইসলামের ছেলে সবুজ। পেশায় একজন ইলেট্রনিক্স সামগ্রী নির্মাতা। সে বেশ কিছুদিন ইলেট্রনিক্স সামগ্রী নিজের কারখানায় তৈরী করত এবং ওই সামগ্রী নিজেই বাজারজাত করত।

গতকাল শনিবার নিজের তৈরী সামগ্রী যশোরে ডেলিভারী দিয়ে মটর সাইকেল যোগে বাড়ি ফিরছিল। পথমধ্যে খয়ের তলা এসে পৌঁছালে পিছন দিক থেকে একটি বাস এসে সবুজকে সজোরে ধাক্কা দেয়।

এতে গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে যশোর সদর হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। সবুজ পারিবারিক জীবনে এক কন্যা সন্তানের জনক।